

## 📃 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪: ৪৩

## **া** আরবি মূল আয়াত:

## اَكُفَّارُكُم خَيرٌ مِّن أُولَئِكُم اَم لَكُم بَرَآءَةٌ فِي الزُّبُرِ ﴿٢٣﴾

## 

তোমাদের (মক্কার) কাফিররা কি তাদের চেয়ে ভাল? না কি তোমাদের জন্য মুক্তির কোন ঘোষণা রয়েছে (আসমানী) কিতাবসমূহের মধ্যে? — আল-বায়ান

তোমাদের (মক্কাবাসী) কাফিররা কি এ লোকেদের চেয়ে ভাল? নাকি (আসমানী) গ্রন্থাদিতে তোমাদেরকে ক্ষমা করে দেয়ার কথা লেখা আছে? — তাইসিরুল

তোমাদের মধ্যকার কাফিরেরা কি তাদের অপেক্ষা শ্রেষ্ঠ? না কি তোমাদের অব্যাহতির কোন সনদ রয়েছে পূর্ববর্তী কিতাবে? — মুজিবুর রহমান

Are your disbelievers better than those [former ones], or have you immunity in the scripture? — Sahih International

৪৩. তোমাদের মধ্যকার কাফিররা কি তাদের চেয়ে ভাল? না কি তোমাদের অব্যাহতির কোন সনদ রয়েছে পূর্ববর্তী কিতাবে?

তাফসীরে জাকারিয়া

- (৪৩) (হে কুরাইশদল!) তোমাদের মধ্যকার অবিশ্বাসীগণ কি তাদের (পূর্বের অবিশ্বাসীগণ) অপেক্ষা শ্রেষ্ঠ?[1] নাকি পূর্ববর্তী কিতাবসমূহে তোমাদের কোন অব্যাহতি লেখা রয়েছে? [2]
  - [1] এই জিজ্ঞাসা অস্বীকৃতি সূচক। নয় বা না অর্থে। অর্থাৎ, হে আরববাসী। তোমাদের কাফেররা পূর্বের কাফেরদের চাইতে উত্তম নয়। তাদেরকে যখন তাদের কুফরীর কারণে ধ্বংস করে দেওয়া হল, তখন তোমরা যারা তাদের থেকেও নিকৃষ্ট, আযাব হতে মুক্তি লাভের আশা কিভাবে রাখ?
  - [2] زُبُرُّ থেকে বিগত নবীদের উপর অবতীর্ণ কিতাবগুলোকে বুঝানো হয়েছে। অর্থাৎ, পূর্বে অবতীর্ণ কিতাবগুলোতে তোমাদের ব্যাপারে এ কথা সুস্পষ্টভাবে বলে দেওয়া হয়েছে নাকি যে, এই কুরাইশ বা আরবরা যা ইচ্ছা করুক, তাদের উপর কোন আযাব আসবে না।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4889

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন